

💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৪৪৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৫০]

পর্ব-৫: সালাত প্রসঙ্গ (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১: সালাত ফর্য হওয়া এবং আনাস ইবনু মালিক (রাঃ)-এর বর্ণনাকারীদের সন্দের মতভেদ প্রসঙ্গে এবং এ ব্যাপারে তাদের শব্দাবলীর ভিন্নতার আলোচনা

فرض الصلاة وذكر اختلاف الناقلين في إسناد حديث أنس بن مالك رضي الله عنه واختلاف ألفاظهم فيه

আরবী

أَخْبَرَنَا يُونُسُ بْنُ عَبْدِ الْأَعْلَى، قال: حَدَّقَنَا ابْنُ وَهْبِ، قال: أَخْبَرَنِي يُونُسُ، عَنْ ابْنِ شِهَاب، قال أَنَسُ بْنُ مَالِك، وَابْنُ حَزْمٍ، قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: فَرَضَ اللَّهُ عَزَّ وَجَلَّ عَلَى أُمَّتِي خَمْسِينَ صَلَاةً فَرَجَعْتُ بِذَلِكَ حَتَّى أَمُرَّ بِمُوسَى عَلَيْهِ السَّلَام، اللَّهُ عَزَّ وَجَلَّ عَلَى أُمَّتِي خَمْسِينَ صَلَاةً، قَالَ لِي مُوسَى: فَقَالَ: مَا فَرَضَ رَبُّكَ عَلَى أُمَّتِكَ ؟ قُلْتُ: فَرَضَ عَلَيْهِمْ خَمْسِينَ صَلَاةً، قَالَ لِي مُوسَى: فَرَاجِعْ رَبَّكَ عَنَّ وَجَلَّ فَوَضَعَ شَطْرَهَا، فَرَاجِعْ رَبَّكَ عَزَّ وَجَلَّ فَوَضَعَ شَطْرَهَا، فَرَاجِعْتُ رَبِّي عَزَّ وَجَلَّ فَوَضَعَ شَطْرَهَا، فَرَاجِعْ رَبَّكَ فَإِنَّ أُمَّتِكَ لَا تُطِيقُ ذَلِكَ، فَرَاجَعْتُ رَبِّي عَزَّ وَجَلَّ فَوَضَعَ شَطْرَهَا، فَرَاجَعْتُ رَبِّي عَزَّ وَجَلَّ فَوضَعَ شَطْرَهَا، غَرَاجَعْتُ رَبِّي عَزَّ وَجَلَّ فَوضَعَ شَطْرَهَا، غَرَاجَعْتُ رَبِّي عَزَّ وَجَلَّ فَوَضَعَ شَطْرَهَا، عَرَّ وَجَلَّ فَوَضَعَ شَطْرَهَا، فَرَاجَعْتُ رَبِّي عَزَّ وَجَلَّ فَوَضَعَ شَطْرَهَا، عَرَّ وَجَلَّ فَوَالَ: رَاجِعْ رَبَّكَ مُوسَى فَأَخْبَرْتُهُ، فَقَالَ: رَاجِعْ رَبَّكَ لَا تُطْيقُ ذَلِكَ، فَرَاجَعْتُ رَبِّي عَزَّ وَجَلَّ، فَقَالَ: وَجَعْتُ إِنَّ أُمْتَكَ لَا لَقُولُ لَلَكَ، فَرَجَعْتُ إِلَى مُوسَى، فَقَالَ: وَجَلَّ مُوسَى، فَقَالَ: وَجَلَّ مَوْسَى، فَقَالَ: وَجَلَّ مَوْسَى، فَقَالَ: رَاجِعْ رَبَّكَ، فَقَالَ: وَجَلَّ مَوْسَى، فَقَالَ: وَجَلَّ مَوْسَى مَنْ رَبِّي عَزَّ وَجَلَّ .

تخريج دارالدعوه: صحيح البخارى/الصلاة ١/٣٢٩ وأحاديث الأنبياء ٥ (٣٣٣٢)، صحيح مسلم/الإيمان ٧٣ (١٦٣)، سنن ابن ماجم/إقامة ١٩٣ (١٣٩٩)، (تحفة الأشراف: ١٥٥٦) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 450 _ صحيح

বাংলা



৪৪৯. ইউনুস ইবনু আব্দুল আ'লা (রহ.)... আনাস ইবনু মালিক (রাঃ) এবং ইবনু হাযম (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেন: আল্লাহ তা'আলা আমার উন্মতের ওপর পঞ্চাশ ওয়াক্ত সালাত ফরয করলেন। আমি ঐ পঞ্চাশ ওয়াক্ত সালাত নিয়ে মূসা 'আলায়হিস সালাম-এর নিকট ফিরে এলাম। তখন মূসা আলায়হিস সালাম আমাকে প্রশ্ন করলেন যে, আপনার প্রতিপালক আপনার উন্মতের ওপর কি ফরয করেছেন? তখন আমি বললাম, পঞ্চাশ ওয়াক্ত সালাত ফরয করেছেন। মূসা আলায়হিস্ আমাকে বললেন যে, আপনি পুনরায় আপনার প্রতিপালকের নিকট যান। কারণ, আপনার উন্মত পঞ্চাশ ওয়াক্ত সালাত আদায় করতে পারবে না। তারপর আমি আমার প্রতিপালকের নিকট গেলাম। আল্লাহ তা'আলা পঞ্চাশ ওয়াক্ত হতে কিছু কমিয়ে দিলেন। আমি মূসা আলায়হিস সালাম-এর নিকট এসে তাঁকে এ বিষয়ে জানালাম। তিনি বললেন, আপনি আবার যান। কেননা আপনার উন্মত তা আদায় করতে পারবে না। পরে আমি আবার আমার প্রতিপালকের নিকট গেলাম। তখন আল্লাহ তা'আলা বললেন, সালাত পাঁচ ওয়াক্ত (গণনা হিসেবে)। কিন্তু এ পাঁচ ওয়াক্ত সালাতই পঞ্চাশ ওয়াক্ত সালাতের সমান (প্রতিদান হিসেবে)। এটাই চূড়ান্ত সিদ্ধান্ত, আমার সিদ্ধান্তের পরিবর্তন হয় না। তারপর আমি মূসা আলায়হিস্-এর কাছে ফিরে যাই। মূসা আলায়হিস সালাম বললেন, আবার আপনার প্রতিপালকের কাছে যান। তখন আমি বললাম, আমি আমার মহান প্রতিপালকের নিকট এ বিষয় নিয়ে আবার উপস্থিত হতে লজ্জাবোধ করছি।

English

1. Enjoining As-Salah And Mentioning The Differences Reported By The Narrators In The Chain Of The Hadith Of Anas Bin Malik (May Allah Be Pleased With Him), And The Different Wordings In It

Anas bin Malik and Ibn Hazm said: The Messenger of Allah (ﷺ) said: 'Allah, the Mighty and Sublime, enjoined fifty prayers upon my Ummah, and I came back with that until I passed by Musa, peace be upon him, who said: 'What has your Lord enjoined upon your Ummah?' I said: 'He has enjoined fifty prayers on them.' Musa said to me: 'Go back to your Lord, the Mighty and Sublime, for your Ummah will not be able to do that.' So I went back to my Lord, the Mighty and Sublime, and He reduced a portion of it. Then I came back to Musa and told him, and he said: 'Go back to you Lord, for your Ummah will not be able to do that.' So I went back to my Lord, the Mighty and Sublime, and He said: 'They are five (prayers) but they are fifty (in reward), and the Word that comes from Me cannot be changed.' [1] I came back to Musa and he said: 'Go back to your Lord.' I said: 'I feel too shy before my Lord, the Mighty and Sublime.' [1]See Surah Qaf 50:29.

ফটনোট

সহীহ: বুখারী ৩৪৯, মুসলিম ১৬৩, তিরমিযী ৩৩৪৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন